দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 17 AUG ১৯৯৬
পৃষ্ঠা — ১ — কলাম — ২

# বুয়েটের ভিসির বিরুদ্ধে অভিযোগ—

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।। ছাত্রলীগ (শা-পা) বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় শাখা গতকাল (শুক্রবার)

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## অভিযোগ

(১ম পৃঃ পর)

ক্যাম্পাসে জাতীয় শোকদিবসের পোষ্টার ও ব্যানার ছিড়িয়া ফেলিবার জন্য বুয়েটের ভিসি মোহাম্মদ শাহজাহানকে অভিযুক্ত করিয়াছে। অভিযোগে বলা হয়, শোকদিবসের কর্মসূচীর অংশ হিসাবে ছাত্রলীগ বুয়েটে পোষ্টার ও ব্যানার টাঙ্গায়। ভিসি গতকাল বিদেশ হইতে ক্যাম্পাসে প্রত্যাবর্তন করেন এবং পোষ্টার ও ব্যানার ছিড়িয়া ফেলিবার নির্দেশ দেন।

উল্লেখ্য, গত বৃহস্পতিবার বুয়েট কর্তৃপক্ষ জাতীয় শোকদিবস উপলক্ষে এক আলোচনা সভার আয়োজন করে। ঐ সভার প্রধান অতিথি ছিলেন শিক্ষামন্ত্রী এ, এইচ, কে, সাদেক। ভিসি ঐ সময় দেশে না থাকিলেও আমন্ত্রণলিপিতে ভিসির নির্দেশক্রমে অনুষ্ঠানের আয়োজন করা হইয়াছে বলিয়া উল্লেখ করা হয়। এদিকে শোকদিবসের অনুষ্ঠানের প্রতিবাদে ছাত্রদল বৃহস্পতিবার বুয়েটে বিক্ষোভ মিছিল করে। এ সময় ২টি ককটেল বিস্ফোরিত হয়।

এদিকে গতকাল ছাত্রলীগ বুয়েট শাখার নেতৃবৃন্দ অভিযোগ করিয়াছেন যে, বঙ্গবন্ধুর পোষ্টার ও ব্যানার ছিড়িয়া ফেলিবার প্রতিবাদ জানাইতে গেলে ভিসি বলিয়াছেন কিসের "বঙ্গবন্ধু তাহার পোষ্টার ক্যাম্পাসে রাখা যাইবে না।"